মেক আপ আর্টিস্ট অ্যাসোসিয়েশন বাংলাদেশ নতুন সভাপতি মানিক

written by Chandradip News24 | November 5, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক :: বাংলাদেশের মেক আপ শিল্পীদের সংগঠন ‘মেক আপ আর্টিস্ট অ্যাসোসিয়েশন বাংলাদেশ’ সম্প্রতি তাদের নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করেছে। নতুন সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মাহবুব রহমান মানিক এবং সাধারণ সম্পাদক হয়েছেন সাবের আলী রবিন।

নতুন কমিটিতে সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন শফিক সরদার। এছাড়া, উপদেষ্টা হিসেবে রয়েছেন মোহাম্মদ আলী বাবুল ও খলিলুর রহমান। সহ-সভাপতি হিসেবে দায়িত্বে আছেন ফরহাদ হোসেন মিলন ও ইমরান হোসাইন। নতুন কমিটির অন্যান্য সদস্যরা হলেন অর্থ সম্পাদক রতন সরকার, সাংস্কৃতিক সম্পাদক সেতু ও মহসিন, প্রচার সম্পাদক হাসান এবং দপ্তর সম্পাদক মো. সোহাগ।

প্রসঙ্গত, গত ২৫ সেপ্টেম্বর সংগঠনটির দুই বছরের মেয়াদি নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়, যা মঞ্চ ও চলচ্চিত্র শিল্পে মেক আপ আর্টিস্টদের উন্নয়ন এবং সেবা প্রদান করবে।